অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সুবিধাবঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য আসক্তি সংক্রান্ত পরিষেবা সম্প্রসারণ করার জন্য গভর্নর হোকলের 10.25 মিলিয়ন ডলার বরাদ্দ ঘোষণা

নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোবাইল ইউনিট উন্নয়নে সহায়তা করার জন্য ফেডারেল তহবিল

নিউ ইয়র্ক সিটি, সাদার্ন টিয়ার ও মোহাক ভ্যালিতে স্ট্রিট আউটরিচ পরিষেবাকে সহায়তা করতে 15টি পরিষেবা প্রদানকারীকে সক্ষম করার জন্য তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক জুড়ে প্রান্তিক ও উচ্চ ঝুঁকিপূর্ণ জনগণের জন্য ক্ষতি কমিয়ে আনার পরিষেবা জোরদার করার জন্য 10.25 মিলিয়ন ডলার ফেডারেল তহবিল ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) কর্তৃক পরিচালিত, মোবাইল মেডিকেশন ইউনিটগুলোর উন্নয়নে সহায়তা করার জন্য 5.75 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে এবং সেবা অ্যাক্সেস করার ক্ষেত্রে সমস্যায় থাকা জনসাধারণের জন্য স্ট্রিট আউটরিচ ইউনিট স্থাপনে সহায়তা করতে 15টি সেবাদানকারী প্রতিষ্ঠানকে 4.5 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদান করা হচ্ছে।

"আমার প্রশাসন আসক্তি দ্বারা প্রভাবিত ব্যক্তিদের সাহায্য করার জন্য আমাদের হাতে থাকা প্রতিটি হাতিয়ার ব্যবহার করা অব্যাহত রাখবে এবং হৃদয়-বিদারক প্রাণঘাতী ওভারডোজ আমাদের স্টেট জুড়ে কমিউনিটিগুলোকে যেভাবে ক্ষতিগ্রস্ত করেছে তা মোকাবেলা করবে," **বলেছেন গভর্নর হোকল।** "আজ ঘোষিত 10.25 মিলিয়ন ডলার এই গুরুত্বপূর্ণ পরিষেবার অর্থায়ন করতে সাহায্য করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে আসক্তির দুষ্টচক্র ভাঙার জন্য প্রয়োজনীয় সহায়তা ও সংস্থানের সাথে সংযুক্ত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "প্রত্যেক ব্যক্তির পুনরুদ্ধারের সাথে সম্পর্কিত ভিন্ন চাহিদা ও লক্ষ্য রয়েছে, এবং OASAS-এ আমরা, তারা যেখানেই থাক না কেন তাদের সাথে দেখা করার জন্য নিবেদিত রয়েছি এবং তাদের লক্ষ্যে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় যেকোনো সাহায্য করে থাকি। এই নতুন মোবাইল মেডিকেশন ইউনিট এবং স্ট্রিট আউটরিচ প্রচেষ্টা আমাদের উচ্চ-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সাথে সংযোগ স্থাপন করতে, আরো বেশি মানুষকে সম্পৃক্ত করতে এবং তাদেরকে জীবনরক্ষাকারী সহায়তা ও সমর্থনের সাথে সংযুক্ত করার সুযোগ করে দেবে।"

<u>মোবাইল মেডিকেশন ইউনিট</u>

সব মোবাইল ইউনিট ভর্তি সংক্রান্ত মূল্যায়ন ও ওষুধ ইনডাকশন, ওষুধ প্রয়োগ ও পর্যবেক্ষণ, বিষক্রিয় পরীক্ষা, এবং অন্যান্য মেডিকেল পরিষেবা প্রদান করবে। মোবাইল মেডিকেশন ইউনিটগুলো মার্কিন ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশনের একটি নিয়ম পরিবর্তনের ফলে তৈরি করা সম্ভব হয়েছিল, যা তাদেরকে বিদ্যমান চিকিৎসা প্রদানকারী কর্তৃক পরিচালনার অনুমতি দেয়।

ইউনিটগুলোর জন্য এই তহবিল ফেডারেল স্টেট ওপিওয়েড রেসপন্স গ্র্যান্টের (State Opioid Response Grant) মাধ্যমে সরবরাহ করা হয়েছিল, যা মানসিক স্বাস্থ্যবিধি রিসার্চ ফাউন্ডেশন (Research Foundation for Mental Hygiene) এবং OASAS কর্তৃক যৌথভাবে পরিচালিত হয়। নিম্নলিখিত সরবরাহকারীরা প্রত্যেকে নতুন মোবাইল ওষুধ ইউনিট স্থাপনের জন্য 550,000 ডলার পাবে:

নিউ ইয়র্ক সিটি

- PROMESA, Inc. (ব্রঙ্কস)
- PROMESA, Inc. (কিংস)
- West Midtown Management Group, Inc., DBA West Midtown Medical Group

ওয়েস্টার্ন NY

- PROMESA, Inc. (চৌতাউকা)
- PROMESA, Inc. (এরি)

মধ্য-হাডসন

- Cornerstone Family Healthcare

নিম্নলিখিত সেবাদানকারীরা মোবাইল মেডিকেশন ইউনিটের চলমান উন্নয়নে সমর্থন করার জন্য 350,000 ডলার পাবেন। এই উদ্যোগের জন্য এই সেবাদানকারীদেরকে ইতোমধ্যে এই বছরের শুরুতে 200,000 ডলার প্রদান করা হয়েছে।

ক্যাপিটাল রিজিয়ন

- PROMESA, Inc.

সেন্ট্রাল NY

- Helio Health, Inc.

ফিঙ্গার লেকস

- Strong Memorial Hospital

মোহক ভ্যালি

- Helio Health, Inc.

নিউ ইয়র্ক সিটি

- Vocational Instruction Project (VIP) Community Services, Inc.

নর্থ কান্ট্রি

- Credo Community Center for the Treatment of Addictions, Inc.

সাউদার্ন টিয়ার

- Ithaca Alpha House Center Inc. DBA Cayuga Addiction Recovery Services

ওয়েস্টার্ন NY

- BestSelf Behavioral Health, Inc.

স্ট্রিট পর্যায়ে আউটরিচ

মোবাইল ইউনিট ছাড়াও, ফেডারেল তহবিল নিউ ইয়র্ক সিটির হারলেম, ওয়েস্ট মিডটাউন, লোয়ার ইস্ট সাইড এবং ব্রঙ্কস এলাকায়, সেইসাথে সাদার্ন টিয়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলের কমিউনিটিতে ক্ষতি কমিয়ে আনার পরিষেবা সম্প্রসারণ ও উন্নত করতে ব্যবহার করা হবে। এই উদ্যোগের মাধ্যমে, আউটরিচ কর্মীরা ওভারডোজ প্রতিরোধ ও শিক্ষা, নালোক্সোন বিতরণ ও প্রেসক্রিপশন প্রদান, নিরাপদ যৌনতা এবং যৌন বাহিত সংক্রমণ ব্যবস্থাপনা বিষয়ে শিক্ষা প্রদান, এবং অন্যান্য পরিষেবার সাথে সংযোগ স্থাপন করার জন্য এমন সব এলাকায় ভিজিট করবে যেখানে উচ্চ-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর একত্রিত হওয়ার প্রবণতা রয়েছে — পার্ক এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের ক্যাম্পের মতো জায়গা।

এই উদ্যোগ নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষতি কমিয়ে আনার পরিষেবা সম্প্রসারণ করার জন্য OASAS এর চলমান প্রচেষ্টার অংশ. ক্ষতি কমিয়ে আনার মধ্যে আফিমজাত ওষুধ ব্যবহারের ব্যাধির জন্য স্বল্প-মাত্রার ওষুধে অ্যাক্সেস এবং অন্যান্য চিকিৎসা পরিষেবা, পিয়ার সাপোর্ট পরিষেবা এবং অন্যান্য পরিষেবায় রেফারাল অন্তর্ভুক্ত রয়েছে, যেমন সেবার ধারাবাহিকতার জন্য ফলো-আপ ভিজিট।

মাদকদ্রব্যের অপব্যবহার প্রতিরোধ ও চিকিৎসা সংক্রান্ত ফেডারেল ব্লক গ্র্যান্টের মাধ্যমে আউটরিচ উদ্যোগের জন্য তহবিল সরবরাহ করা হয়েছে। একটি স্থানে পরিষেবা প্রদানকারীদেরকে 250,000 ডলার পর্যন্ত বরাদ্দ করা হচ্ছে, এবং দুইটি স্থানে পরিষেবা প্রদানকারীরা 400,000 ডলার পর্যন্ত পাচ্ছেন।

একটি স্থানে পরিষেবা প্রদানকারীদের মধ্যে রয়েছে:

নিউ ইয়র্ক সিটি

- Promesa Inc.
- BOOM! Health
- Bowery Residents Committee, Inc.
- National Harm Reduction Coalition
- Upper Manhattan Mental Health Center
- Housing Works
- Odyssey House
- Samaritan Daytop Village
- St. Ann's Corner of Harm Reduction
- Vocational Instruction Project Community Services, Inc.

দুইটি স্থানে পরিষেবা প্রদানকারীদের মধ্যে রয়েছে:

নিউ ইয়র্ক সিটি

- Exponents, Inc.
- Harlem United Community AIDS Center
- OnPoint NYC
- Services for the Underserved, Inc.

সাদার্ন টিয়ার/মোহাক ভ্যালি

- The REACH Project, Inc.

সিনেটর চার্লস ই. স্কুমার বলেন, "নিউ ইয়র্ক আফিমজাত ওষুধ সংকটের সামনের সারিতে রয়েছে, এবং সেবার অ্যাক্সেস সম্প্রসারণ করে, মানুষকে তাদের নিজের পায়ে দাঁড়ানোর জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করে এবং জীবন রক্ষা করার মাধ্যমে এই তহবিল এই মহামারীর শিকড় উপড়ে ফেলবে। আমাদের উপরে উল্লিখিত সব পদ্ধতি প্রয়োজন: আরো বাধাদান, প্রতিরোধ, চিকিৎসা এবং মাদকের প্রবাহের বিরুদ্ধে লড়াই করার জন্য চিকিৎসা ও পুনরুদ্ধার পরিষেবা এবং যারা আসক্তিতে ভুগছেন তাদেরকে আরো কার্যকরভাবে সাহায্য করা। এ কারণেই আমি আজ এই তহবিল সরবরাহ করতে পেরে গর্বিত - এবং এ কারণেই আমি কোভিড ত্রাণ বিলে আসক্তি সংক্রান্ত পরিষেবার ঐতিহাসিক বৃদ্ধির জন্য লড়াই করেছি, এবং এ কারণেই আমি নিউ ইয়র্ককে ফেন্টানিল-চালিত আফিমজাত ওষুধ সংকটের বিরুদ্ধে লড়াই করতে প্রয়োজনীয় সকল সংস্থান দেওয়ার জন্য লড়াই চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ পল টংকো বলেন, "বছরের পর বছর ধরে, আমাদের ওভারডোজ মহামারীতে আমেরিকার সাড়াদানের একটি গুরুত্বপূর্ণ উপাদান অনুপস্থিত ছিল: চিকিৎসায় ব্যাপক অ্যাক্সেস। আমি দীর্ঘদিন ধরে আমার মূলধারার আসক্তি চিকিৎসা আইন এবং মেডিকেইড রিএন্ট্রি অ্যাক্টসহ গুরুত্বপূর্ণ আইনের মাধ্যমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অ্যাক্সেসের দরজা খোলার জন্য লড়াই করেছি, পাশাপাশি ফেডারেল মাদক অপব্যবহার প্রতিরোধ এবং চিকিৎসায় ব্লক গ্র্যান্টের অর্থায়নের জন্য চাপ সৃষ্টিতে নেতৃত্ব দিচ্ছি। যদিও চিকিৎসা উন্নত

করতে এবং ক্ষতি কমানোর ব্যবস্থা সমর্থন করার জন্য আরো অনেক কিছু করতে হবে, এই কাজের জন্য আমি গর্বিত এবং আমাদের নিউ ইয়র্ক কমিউনিটিতে জীবনরক্ষাকারী চিকিৎসা প্রদানের সাথে জড়িত সবার প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। স্টেট ঐতিহ্যবাহী পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রসারিত করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে ক্রাইসিস সার্ভিস, ইনপেশেন্ট, বহির্বিভাগের রোগী এবং আবাসিক চিকিৎসা কার্যক্রম, সেই সাথে আসক্তির চিকিৎসার জন্য ওষুধ, এবং ভ্রাম্যমান চিকিৎসা ও পরিবহন পরিষেবা।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, এবং ওপেন অ্যাক্সেস কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। এই পরিষেবাগুলো এখন স্টেট জুড়ে কমিউনিটিগুলোতে রয়েছে এবং নিউ ইয়র্কবাসীরা যেখানে বাস করে তার কাছাকাছি প্রয়োজনমতো সেবার অ্যাক্সেস পেতে সাহায্য করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোন করে অথবা ঠিকানায় ইমেইল করে CHAMP হেল্পলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418